



তারকাকথন

‘ভক্তরা যখন আমাকে ঘিরে ধরে তখন আমার স্বপ্নের মতো লাগে’

জনপ্রিয়তার শীর্ষে হাবিব। তার লিরিক্স, মিউজিক, কম্পোজিশান মাতোয়ারা করে ভক্তশ্রোতাদের। কথা হয় তার সঙ্গে...

২০০০ : আপনার গানের শুরু কবে থেকে?

হাবিব : পাঁচ বছর বয়স থেকে আমি গানের চর্চা শুরু করি। ১৯৯৯ সালে আর্কের একটি অ্যালবামে গেস্ট কিবোর্ডিস্ট ছিলাম। তবে প্রফেশনালি গান শুরু করি ২০০৩ সালে।

২০০০ : বর্তমানে কী নিয়ে ব্যস্ত আছেন?

হাবিব : কিছুদিন হলো একটি রিমেক অ্যালবামের কাজ শেষ করলাম। শচীন দেব বর্মণ, কিশোর কুমার, হেমন্ত মুখোপাধ্যায়, আশা ভোসলে ও লতা মঙ্গেশকরের গাওয়া পঞ্চাশের দশকের বাংলা গান নতুনভাবে রিমেক করলাম। অ্যালবামটিতে কণ্ঠ দিয়েছি আমি, ন্যাঙ্গি এবং ফেরদৌস ওয়াহিদ।

২০০০ : আপনার জনপ্রিয়তার মূল কারণ কী?

হাবিব : ভক্ত-শ্রোতারাই ভালো বলতে পারবে। তবে এটাকে আমি আল্লাহর রহমত হিসেবে দেখি।

২০০০ : গানের লিরিক্স লেখা বা কম্পোজিশনের ক্ষেত্রে কী বিষয় লক্ষ্য রাখেন?

হাবিব : লিরিক্স আমার মাথার ওপর দিয়ে চলে যায়, মাথায় ঢোকে না। আমার কাজ হলো সুর নিয়ে খেলা করা, সুরের ব্যাপারে আমি সব সময় সম্পর্কিতিকে প্রাধান্য দেই।

২০০০ : আপনার বর্তমান ক্রেজকে আপনি কেমন উপভোগ করেন?

হাবিব : আমি ঠান্ডা, চুপচাপ প্রকৃতির ছেলে-সবাই তাই বলে। হৈছল্লোড় ততটা পছন্দনীয় নয়। তবে আমি যে ফান করতে বা শুনতে পছন্দ করি না তা নয়। যখন ভক্তরা আমাকে ঘিরে ধরে তখন আমার স্বপ্নের মতো লাগে। মনে হয় স্বপ্ন দেখছি একটু পরে ঘোর কাটবে।

২০০০ : রিমেক, রিমিক্সকে আপনি কীভাবে দেখেন?

হাবিব : আমি সৃষ্টিতে আনন্দ পাই। তাই সব সময় নতুন সৃষ্টিতে মগ্ন থাকার চেষ্টা করি।

সঠিকভাবে রিমেক বা রিমিক্স করতে পারলে সেটা অবশ্যই ভালো।

২০০০ : আপনি তো বেশ কিছু গান রিমেক করেছেন।

হাবিব : আমি যে গানগুলো রিমেক করেছি সেগুলো আমার স্টাইলে মানুষের কাছে পৌঁছে দেয়ার চেষ্টা করেছি। পুরনো গানগুলো তো মানুষ জানেই। সেগুলো রিমেক করতে গেলে মেধা খাটিয়ে করতে হয়। শাহ আবদুল করিম একজন গুণী শিল্পী। তার গানগুলো রিমেক হওয়ার কারণেই শুনতে ভালো লাগে।

২০০০ : অবসরে কী করেন?

হাবিব : আমি বেশির ভাগ সময়ই চিত্তামগ্ন থাকি। এটাকে মেডিটেশনও বলতে পারেন। অবসর তেমন হয়ে ওঠে না। আর আমি ঘরকুনো মানুষ। এ রকমও হয়, নিচতলায় গিয়ে আম্মুর সঙ্গে দেখা করি না।

২০০০ : বিয়ে করছেন কবে?

হাবিব : জানি না, আব্বু-আম্মু বলতে পারবেন। আল্লাহ যেদিন হুকুম করবেন সেদিনই হবে। সবকিছু ভাগ্যের ওপর ছেড়ে দিয়েছি।

২০০০ : আপনার সঙ্গে মোনালিসার প্রেমের খবর শোনা যাচ্ছিল?

হাবিব : বেশ পুরনো কথা। মিউজিক ভিডিওর কাজ করতে গিয়ে বন্ধুত্ব গড়ে ওঠে। এর বেশি কিছুই না।

